



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং রেজিঃ/০৪(৫৪৩)/৫/১৫-৬

তারিখ : ০৯/১১/২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর পাবলিক এডমিনিস্ট্রেশন বিভাগের জন্য ০১(এক)টি সহযোগী অধ্যাপক পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল (গ্রেড-৪) : ৫০০০০-৭১২০০

যোগ্যতা: যোগ্যতা ও অভিজ্ঞতার কপি এবং অভিজ্ঞতা ও প্রকাশনা সম্পর্কিত তথ্য ছক বিশ্ববিদ্যালয়ের ডেসপ্যাচ থেকে সরাসরি সংগ্রহ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও ডাউনলোড করা যাবে।


আবেদনের সাথে যা যা দাখিল করতে হবে।

(ক) সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বা মার্কসীট এর ফটোকপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ৪ কপি (গ) চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) বিজ্ঞাপনে উল্লেখিত নির্ধারিত মূল্যের MICR ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের ফটোকপি (চ) পূর্বতন অভিজ্ঞতা উল্লেখকারীদের ক্ষেত্রে অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণপত্র (ছ) সকল প্রকাশনার কপি (জ) ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট (ঝ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য ছক (ঞ) প্রকাশনা সম্পর্কিত তথ্য ছক।

আবেদন জমাদান সম্পর্কিত প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ :

- ০১। আহ্বী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে।
- ০২। রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর সহযোগী অধ্যাপক পদের জন্য ৭০০/- (সাতশত) টাকার MICR ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
- ০৩। প্রতিটি সেটের সাথে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ সহযোগী অধ্যাপক পদের জন্য নূন্যতম ২সেট ইংরেজীতেসহ মোট ১১ (এগার) সেট আগামী ২৫/১২/২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে।
- ০৪। আবেদন ফরমের সকল কলাম অবশ্যই পূরণ করতে হবে এবং কোন কলাম সংশ্লিষ্ট না হলে প্রযোজ্য নয় কথাটি লিখতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে।
- ০৫। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ০৬। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট ও পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৭। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ০৮। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না কিংবা নতুন কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না।
- ০৯। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- ১১। আবেদনের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র এবং ছবি ১ম শ্রেণীর গেজেট কর্মকর্তা অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৭ম গ্রেডভুক্ত কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে।
- ১২। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আবেদনের সাথে প্রার্থীর প্রকাশনাসমূহের সফট কপি জমা দিতে হবে। তবে Scopus/ISI indexing ছাড়া অন্যসব জার্নালে প্রকাশিত প্রকাশনাসমূহের সফটকপি TURNITIN সফটওয়্যার দ্বারা যাচাই করে রিপোর্টসহ জমা দিতে হবে। সফটকপি adminreg1@sust.edu ই-মেইল এড্রেসে পাঠাতে হবে। আভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(মুহাম্মদ ইশাফাকুল হোসেন)
রেজিস্ট্রার